গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

প্রশাসন শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।

www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৮৪.০০১.২০.৭

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

বিষয়: **বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে "বঙ্গবন্ধু কর্নার" স্থাপন ও বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: ১. টিএমইডি এর স্মারক নং ৫৭.০০.০০০০.০৪২.২৩.০৩৫.১৯.১৬ তারিখ: ২৪.০১.২০২১খ্রি.

২.মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.০০.০০০০০.০০১.০৫.০০৫.১৬-১২/১, তারিখ: ১৬.০১.২০২০ খ্রি.

৩.মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.০০.০০০০০.০০১.০৫.০০৫.১৬-৫৩, তারিখ: ০১.০৩.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসায় **বঙ্গবন্ধু কর্নার** স্থাপন ও বৃক্ষরোপনসহ মুজিববর্ষের কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত ইতোপূ্র্বে সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারকে নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে সূত্রোক্ত ০১ নং স্মারকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর ১৮.০১.২০২১ তারিখের সভায় সচিব মহোদয় একই বিষয়ে পূণরায় নির্দেশনা প্রদান করেন এবং **বঙ্গবন্ধু কর্নার** স্থাপন ও **বৃক্ষরোপনের নিমিত্ত** নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**"বঙ্গবন্ধু কর্নার"** স্থাপনঃ

ক. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি মাদ্রাসায় অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধানগণ আগামী ২৫/০১/২০২১ তারিখের মধ্যে এবং দেশের সকল এমপিও, ননএমপিওভুক্ত মাদ্রাসায় ০১/০৩/২০২১ তারিখের মধ্যে বঙ্গবন্ধু কর্নার স্থাপন নিশ্চিত করবেন ।

খ. **বঙ্গবন্ধু কর্নারে** বঙ্গবন্ধু কর্তৃক লিখিত পুস্তক, বঙ্গবন্ধুর ভাষণের সংকলন, বঙ্গবন্ধুর কর্মময় জীবনের উপর লিখিত পুস্তক ও মাননীয় প্রধানমন্ত্রীর লিখিত পুস্তক, বাংলাদেশের ইতিহাস এবং মুক্তিযুদ্ধের স্মৃতিগ্রন্থাবলি ইত্যাদি দিয়ে সাজাতে হবে।

গ. শিক্ষা প্রতিষ্ঠানের কক্ষ, লাইব্রেরী কক্ষ বা শ্রেণীকক্ষে **বঙ্গবন্ধু কর্নার** স্থাপন করা যাবে।

**মুজিববর্ষ পালন উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি**

(০১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারী/বেসরকারী এমপিও এবং নন এমপিও) মুজিব বর্ষ পালন এবং জাতির পিতার জন্মদিন উপলক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০২১ তারিখে একযোগে কমপক্ষে ৫টি বৃক্ষরোপন নিশ্চিত করাসহ শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীর সমন্বয়ে শিক্ষাপ্রতিষ্ঠান ও নিজ নিজ জমিতে বৃক্ষ রোপন করবে। প্রতিষ্ঠান প্রধানগণকে উক্ত কার্যক্রমের একটি রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।

(০২) এমতাবস্থায় আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান (সরকারী/বেসরকারী এমপিও এবং নন এমপিও) আগামী ১৫.০২.২০২১ তারিখের মধ্যে **বঙ্গবন্ধু কর্নার** স্থাপন এবং আগামী ১৮.০৩.২০২১ তারিখের মধ্যে **বৃক্ষরোপনসহ অন্যান্য কর্মসূচি** যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৫-১-২০২১
মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক

বিতরণ :

১) অধ্যক্ষ,বিএমটিটিআই/সরকারী মাদ্রাসা ই আলিয়া, ঢাকা/সরকারী আলিয়া মাদ্রাসা, সিলেট/সরকারী মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া

২) অধ্যক্ষ/সুপার/ এবতেদায়ী প্রধান, ........... (সকল মাদ্রাসা)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৮৪.০০১.২০.৭/১(৭)

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, ............(সকল)

২) সচিব এঁর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) উপজেলা নির্বাহী অফিসার , (সকল) তাঁর আওতাধীন সকল সরকারি, বেসরকারি স্বতন্ত্র এবতেদায়ী,দাখিল,আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে উল্লিখিত বিষয়টি নিশ্চিতকরার অনুরোধসহ।

৪) উপপরিচালক (প্রশাসন) , মাশিঅ, ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।

৫) জেলা শিক্ষা অফিসার, (সকল) তাঁর আওতাধীন সকল সরকারি, বেসরকারি স্বতন্ত্র এবতেদায়ী,দাখিল,আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে উল্লিখিত বিষয়টি নিশ্চিতকরার অনুরোধসহ।

৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)তাঁর আওতাধীন সকল সরকারি, বেসরকারি স্বতন্ত্র এবতেদায়ী,দাখিল,আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে উল্লিখিত বিষয়টি নিশ্চিতকরার অনুরোধসহ।

৭) মহাপরিচালক এরঁ ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

২৫-১-২০২১
মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক